

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৮৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকূতে যেতে ও রুকূ থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْافْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَاخْتِلَافِ الرَّوَايَات

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ الْمَحَامِلِيُّ ، وَمُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ الْبَاهِلِيُّ ، قَالَا : نَا أَبُو عُتْبَةً أَحْمَدُ بْنُ الْفَرَجِ ، ثَنَا بَقِيَّةُ ، ثَنَا الزُّبَيْدِيُّ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ سَالِمٍ ، عَنْ أَبِيهِ ، قَالَ : " كَانَ النَّبِيُّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ رَفَعَ يَدَيْهِ ، حَتَّى إِذَا كَانَتَا كَانَ النَّبِيُّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ رَفَعَ يَدَيْهِ ، حَتَّى إِذَا كَانَتَا حَدْوَ مَنْكِبَيْهِ كَبَّرَ ، ثُمَّ إِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَهُمَا حَتَّى يَكُونَا حَدْوَ مَنْكِبَيْهِ ، وَهُمَا كَذَلِكَ ، ثُمَّ إِذَا أَرَادَ أَنْ يَرْفَعَ صَلُلْبَهُ رَفَعَهُمَا حَتَّى يَكُونَا حَدْقَ مَنْكِبَيْهِ ، ثُمَّ قَالَ : سَمِعَ ثُمَّ يَرْكَعُ ، ثُمَّ إِذَا أَرَادَ أَنْ يَرْفَعَ صَلُلْبَهُ رَفَعَهُمَا حَتَّى يَكُونَا حَدْقَ مَنْكِبَيْهِ ، ثُمَّ قَالَ : سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ ، ثُمَّ سَجَدَ ، فَلَا يَرْفَعُ يَدَيْهِ فِي السُّجُودِ ، وَيَرْفَعُهُمَا فِي كُلِّ تَكْبِيرَةٍ يُكَبِّرُهَا اللَّهُ لِمَنْ حَمِدَهُ ، ثُمَّ سَجَدَ ، فَلَا يَرْفَعُ يَدَيْهِ فِي السُّجُودِ ، وَيَرْفَعُهُمَا فِي كُلِّ تَكْبِيرَةٍ يُكَبِّرُهَا قَبْلُ الرُّكُوعِ ، حَتَّى تَنْقَضِيَ صَلَاتُهُ

বাংলা

১০৮৪(৩). আল-হুসাইন ইনে ইসমাঈল আল-মুহামিলী (রহঃ) ... সালেম (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নামায শুরু করতেন তখন তাঁর দুই হাত উপরে উঠাতেন, এমনকি তা যখন তাঁর উভয় কাঁধ বরাবর উন্নীত হতো তখন তাকবীর (তাহরিমা) বলতেন। তিনি যখন রুকৃতে যাওয়ার ইচ্ছা করতেন তখনও একইভাবে তাঁর দুই হাত তার উভয় কাঁধ বরাবর উন্নীত করতেন, অতঃপর রুকৃ করতেন। যখন তিনি (রুকৃ থেকে) তাঁর পিঠ উঠানোর ইচ্ছা করতেন তখনও তার দুই হাত দুই কাঁধ বরাবর উন্নীত করতেন। তারপর তিনি সামিআল্লাহু লিমান হামিদাহ' (যে ব্যক্তি আল্লাহর প্রশংসা করে তিনি তা শুনেন) বলতেন। অতঃপর তিনি সিজদা করতেন এবং সিজদায় তার হাত দু'টি উপরে উত্তোলন করতেন না। রুকৃর পূর্বে তাঁর প্রতিটি তাকবীর ধ্বনিতে তিনি তার দুই হাত উত্তোলন করতেন, এভাবে তিনি নামায শেষ করতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন